সম্পর্কিত বিভিন্ন অভিব্যক্তি প্রকাশ পেয়েছে। যুব কবি পুনম গোদরা চীকনো ঘড়ী, নদী অর সাগর, পারধী, মজুর নেতা এবং চৌ রক্যার মতো নিজের লেখা কবিতার পাশাপাশি কিছু গজল পাঠ করেও শোনান তিনি। ব্যক্তি, পরিবার এবং সমাজের অনুভবের সাথে জড়িয়ে তাঁর এই কবিতাগুলো শ্রোতাদের যথেষ্ঠ মুগ্ধ করে। উক্ত কার্যক্রমের সঞ্চালক সাহিত্য অকাদেমির উপসচিব ড. দেবেন্দ্র কুমার দেবেশ কার্যক্রমে আগত কবিদের সংক্ষিপ্ত পরিচয়দানের পাশাপাশি অনুষ্ঠানের শেষে ধন্যবাদ জ্ঞাপন করে অনুষ্ঠানের সমাপ্তি ঘটান।

# সাহিত্য অকাদেমির উদ্যোগে অনলাইন মাধ্যমে রাজস্থানী ভাষার কবিদের নিয়ে যুবা সাহিত্য কার্যক্রম

মেহের সেখ - সাহিত্য অকাদেমির উদ্যোগে ২৮ এপ্রিল সোমবার সাহিত্য অকাদেমির ওয়েবলাইন সাহিত্য শৃঙ্খলার অন্তর্গত রাজস্থানী ভাষার যুব কবিদের নিয়ে অনলাইন মাধ্যমে যুবা সাহিত্য কার্যক্রমের আয়োজন করা হয়। উক্ত কার্যক্রমে সুশ্রী সপনা বর্মা, শ্রী পুনম চন্দ গোদরা এবং ডাক্তার গৌরী শঙ্কর নিমিবাৎ নিজেদের লেখা রাজস্থানী ভাষার কবিতা পাঠ করে শোনান। রঙ্গকর্ম এবং শিক্ষন ব্যবসার সাথে জড়িত ডাক্তার নিমিবাৎ রঙ্গজাতরাম আদলো আর ঘর, কাঠে হো ঘর ?, পীংপলী, রোটীম এবং ছোপ্টাওড ছিড়কী কবিতা পাঠ করে শোনান। কার্যক্রমের যুব কবি সপনা বর্মা কলাকারী, নাম রী চিত্রকলী, মান্ডর্ণপনৌ, ধরতী গো ঘুমনৌ, লুগাই এবং ত্যুমহারী কবিতা পাঠ করে শোনান। সপনা বর্মার পাঠ করা কবিতা গুলোতে জীবন এবং স্বপ্নের সাথে